

रोल नं०

--	--	--	--	--	--	--

006

मुद्रित पृष्ठों की संख्या : 4

206 (HOD)

2022

## बंगाली

समय : 3 घंटे ]

[ पूर्णक :

100

पूर्णमान - 100

समय - 3 घंटा

निर्देशः—

निर्देशः— एই प्रश्न पत्र दुই भागে बिभक्त 'क' एবং 'খ'। दुইটি बिभागের प्रत्येकটি प्रশ्नের उত्तर দেওয়া অনিবার্য। নিচের প্রশ্নগুলির যথাযথ ও পরিমিত উত্তর দাও। নির্ভুল উত্তর, শুন্ধ বানান ও পরিষ্কার-পরিচ্ছন্ন লেখা একান্ত বাঞ্ছনীয়। প্রত্যেকটি প্রশ্নের নির্ধারিত অঙ্ক তাহার সম্মুখে অঙ্কিত।

### বিভাগ-'ক' (Section-'A')

(60  
Marks)

1. (ক) সন্ধি কর : পাঁচ+এক, প্র+ছন, মনঃ+নীত, হেম+আদ্রি, বন+ঈশ্বরী  
(খ) সন্ধি বিচ্ছেদ কর : উজ্জ্বল, নীলাকাশ, সিংহাসন, পরমানন্দে, হোমানলে 2½
2. কর্মধারায় ও দ্বন্দ্ব সমাস কাকে বলে ? দুইটি সমাসের মধ্যে পার্থক্যটি উদাহরণ দিয়ে বুঝিয়ে 2½
3. নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর ।  
i. এই মাটি আমার চোখে সোনা (জটিল বাক্য)  
ii. পাড়ায় পাড়ায় উঠে উৎসব, বন্ধ মাঠের কাজ। (সরল বাক্য) 5
4. সাধু ও চলিত ভাষার কয়েকটি মূল পার্থক্য লেখ। 5
5. একই শব্দকে বিভিন্ন অর্থে ব্যবহার করে লেখ -  
i. কান:- মনোযোগ অর্থে-  
কুমন্ত্রণা অর্থে-  
ii. কথা:- মত জানা অর্থে-  
গল্লে অর্থে-  
iii. জল:- নষ্ট হওয়া অর্থে-  
সাধারণ অর্থে-  
iv. কাঁটা:- শেষ হওয়া অর্থে-  
নষ্ট করা অর্থে-  
v. শরীর/গা:- বমির ভাব অর্থে-  
মনোযোগ অর্থে- 1×5=5

৩. (ক) প্রদত্ত সূত্র ও তথ্য অবলম্বনে একটি প্রবন্ধ রচনা কর এবং একটি উপযুক্ত শিরোনাম 10  
দাও।

ভূমিকা :- গ্রামগুলির স্বয়ংসম্পূর্ণতা সৃষ্টিতে হাটের ভূমিকা - হাটের অর্থনৈতিক ও  
বাণিজ্যিক অবদান - হাটের স্থান - হাটে যাতায়াতের ব্যবস্থা - হাটও বাজারের পার্থক্য -  
হাটের ভিড় ও বেচাকেনার দৃশ্য - ভাবের আদান প্রদান - উপসংহার।

(খ) প্রদত্ত সংকেত অনুসারে একটি গল্প লেখ এবং একটি উপযুক্ত শিরোনাম দিয়ে গল্পের 10  
শিক্ষা বিষয় লেখ।

গল্প সংকেত :- এক বৃদ্ধের দুইটি পুত্র ছিল - পুত্রদের মধ্যে যে বেশি বুদ্ধিমান তাকেই  
তিনি সম্পত্তির দায়িত্ব দিতে চেয়েছিলেন - পুত্রদের মধ্যে বিবাদ বাঁধলো - বৃদ্ধ প্রত্যেক  
কে চারটি পুঁয়সা দিলেন - চার পয়সার কিছু কিনে এনে ঘরটি ভরে দিতে হবে - বড়  
হেলে খড় এনে মেঝটা ভরে দিলো - ছোট হেলে একটা মোমবাতি এনে জ্বালিয়ে দিলো  
- বৃদ্ধ বুঝলেন বুদ্ধি কার বেশি।

(গ) যে কোনো একটি পত্র লেখ:- 10

তোমার দিদির বিবাহ উপলক্ষে তোমার কোনো এক বন্ধুকে একখানি আমন্ত্রণ পত্র  
লেখ।

#### অর্থবা

তোমার গ্রামের রাস্তা-ঘাট, পানীয় জল, প্রভৃতির সমস্যার কথা জানিয়ে পঞ্চায়ত  
প্রধানের কাছে একটি আবেদন পত্র লেখ।

7. নিচের গদ্যাংশটির ভাব নিজের ভাষায় লেখ:- 5

জগৎ জুড়িয়া এক জাতি আছে,  
সে জাতির নাম মানুষ জাতি।

#### বিভাগ-'খ' (Section-'B') গদ্যাংশ (Prose Portion)

(40 Marks)

8. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : -  $3 \times 4 = 12$

- (i) তুমি কোথা হইতে আসিতেছ? নদী উত্তর করিত ‘মহাদেবের জটা হইতে।’ - কেন  
পরিস্থিতিতে লেখক নদীকে ‘কোথা হইতে আসিতেছ’ বলে প্রশ্ন করিতেন?
- (ii) মহাদেবের জটা থেকে নদী কিভাবে এসেছে তার পৌরাণিক কাহিনীটি সংক্ষেপে  
বর্ণনা কর।
- (iii) ‘বাড়ির ভিতর আমাদের যে বাগান ছিল, তাহাকে বাগান বলিলে অনেকটা বেশি বলা  
হয়।’ - ওই বাগান সম্পর্কে এ কথা বলার কারণ কি?
- (iv) শরৎকালে লেখক ওই বাগানটিকে কিভাবে উপভোগ করতেন?

9. সন্দর্ভ ও প্রসঙ্গ সহিত উল্লেখ পূর্বক ব্যাখ্যা লেখ:-

3×2=6

- (ক) ‘সে যেমন নিরীহ, তেমনি গরিব, সুতরাং প্রতিবেশী কেহ তাহাকে এতবড়ো শাস্তি দিতে পারে এ ভয় তাহার হয় নাই’ - সে যে নিরীহ ও গরিব, তার পরিচয় দাও।  
(খ) ‘জ্ঞানবৃক্ষের ফল খাওয়ার পর হইতে যে - পর্যন্ত না সে ফলটাকে সম্পূর্ণ হজম করিতে পারিতেছে, সে পর্যন্ত মানুষের সাজ-সজাজ র প্রয়োজন কেবলই বাড়িয়া উঠিতেছে।’ -কি প্রসঙ্গে এই কথা বলা হইয়াছে?

#### পদ্যাংশ (Poetry Portion)

10. (ক) “গঙ্গা নামে সতা তার তরঙ্গ এমনি।

3

জীবন স্বরূপা সে স্বামীর শিরোমনি।”

- (i) কার কোন কবিতা থেকে অংশটি সংকলিত? কবিতার এই অংশে স্বামীর শিরোমনি কাকে বলা হয়েছে?  
(ii) গঙ্গা নামে কথাগুলির অর্থ কি কি? উক্তিটির মধ্যে দিয়ে কবি কি বোঝাতে চেয়েছেন?

(খ) “প্রাণের হাসি হাস্তে জানে, খুলতে জানে মনের কল,

3

ওই যে দুষ্ট, ওই যে চপল, -ওই আমাদের ছেলের দল।”

- (i) উদ্ধৃতিটি কোন কবির কোন কবিতার অন্তর্গত? এখানে কাদের কথা বলা হয়েছে?  
(ii) এই উদ্ধৃতিটির মূল বক্তব্য বিশ্লেষণ কর।

11. স-প্রসঙ্গ সন্দর্ভ সহিত ব্যাখ্যা কর: -

6

“দুলিতেছে তরী, ফুলিতেছে জল, ভুলিতেছে মাঝি পথ,

ছিড়িয়াছে পাল, কে ধরিবে হাল, আছে কার হিম্মত ?

কে আছে জোয়ান, হও আগুয়ান, হাঁকিছে ভবিষ্যৎ।

এ তুফান ভারী, দিতে হবে পাড়ি, নিতে হবে তরী পার।।

#### অথবা

মানুষ হয়ে ওরা সবাই অমানুষী শক্তি ধরে,

যুগের আগে এগিয়ে চলে, হাস্যমুখে গর্বভরে;

প্রয়োজনের ওজন মতো আয়োজন সে করতে পারে,

ভগবানের আশীর্বাদে বইতে পারে সকল ভারে।

(‘রাজকাহিনী’ হইতে)

12. ‘রাজকাহিনী’ হইতে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও:- 10
১. ‘বড় ক্ষুদা, বড় পিপাসা, রক্ত না হলে এ পিপাসার শান্তি নেই, মহারানা, ওঠো, জাগো,  
দেশের জন্য বুকের রক্তপাত কর।’  
 (i) এই উক্তিটি কে কাকে বলেছেন ? 02  
 (ii) রানা ভীমসিংহ দেবী মূর্তির ভিতর পদ্মিনী কে দেখে কি মনে করলেন ? 03  
 (iii) চিতোরের রাজমুকুট মাথায় পরিয়ে দিয়ে কাকে যুদ্ধের ভার দেওয়া হয়েছিল ? 05

অথবা

২. ‘তারপর তুমি যখন রাজা হবে, আমায় এই মন্দির থেকে রাজবাড়িতে নিয়ে যেও।  
 (i) উক্তিটি কে কাকে বলেছেন ? 02  
 (ii) কোন উদ্দেশ্যে এই কথাটি বলা হয়েছে ? 03  
 (iii) উক্তি সম্পর্কে ঘটনাটি সংক্ষেপে বর্ণনা কর। 05